গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.১১৮.২০১৪-৩৭

তারিখ: ৩০ পৌষ ১৪২৭
১৪ জানুয়ারি ২০২১

**বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৭৭০.১৪.০০৩.১৮-৩৩৮; তারিখ: ০১/১১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ)" শীর্ষক প্রকল্পটি মোট ৩৯৮.৫২ কোটি (তিনশত আটানব্বই কোটি বায়ান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০১/০৩/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মোট ৬২৩.২৭ কোটি (ছয়শত তেইশ কোটি সাতাশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়রি ২০১৬ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি গত ০৭/১১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটি ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৬৯.২৫% এবং অগ্রগতি ৪১৪.১৯ কোটি টাকা (৬৬.৪৬%)। প্রকল্পটি এ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত।

২। প্রকল্পের আওতায় ১০০ মিটারের উর্ধ্বে কয়েকটি বৃহত্তর ব্রীজ থাকায় সুষ্ঠুভাবে বাস্তবায়নে মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা, নভেল করোনা (কোভিড-১৯) ভাইরাসের সংক্রমনরোধে সারা দেশে একাধারে প্রায় ৩ মাস সাধারণ ছুটি থাকায় প্রকল্পে কাজ করতে না পারা, প্রকল্প এলাকায় আগাম বন্যা ও অতিবৃষ্টির কারণে গত ২০১৯-২০২০ অর্থ বছরে কাঙ্খিত অগ্রগতি অর্জন না হওয়া এবং বছরভিত্তিক লক্ষ্যমাত্রার তুলনায় এডিপি/আরডিপিপি বরাদ্দ না পাওয়ায় প্রকল্পের শতভাগ কাজ সমাপ্ত করা সম্ভব হবে না বিধায় প্রকল্পটির সমুদয় কাজ সমাপ্তির লক্ষ্যে প্রকল্পটির মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজন। উল্লেখ্য, গত ২৩/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র সভায় প্রকল্পটির ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির সুপারিশ করা হয় (সংযুক্তি-১)।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অর্থাৎ জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২১ এর পরিবর্তে জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পুরণকৃত মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।

১৪/০১/২০২১

(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৮০১২
planning1.lgd@gmail.com

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।